দৈনিক ইত্তেফাক

11 JUN 2008

ফল বিপর্যয়

# ৮৩৪টি মাধ্যমিক বিদ্যালয় ও ৮২টি বিএম কলেজের এমপিও স্থগিত

॥ বিডি নিউজ ॥

এসএসসি এবং কারিগরি বোর্ডের অধীন এইচএসসি বিএম (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষার ফলাফল বিপর্যয়ের কারণে দেশের ৮৩৪টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৮২টি টেকনিক্যাল এণ্ড বিএম কলেজের এমপিও (মাসিক সরকারি অর্থ প্রদান) অথবা একাডেমিক স্বীকৃতি স্থগিতের সিদ্ধান্ত নিয়েছে সরকার। শিগগিরই এই শাস্তিমূলক ব্যবস্থার বিষয়ে আদেশ জারি করা হবে।

এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব হাবিবুর রহমান মঙ্গলবার জানান, 'দুই-একদিনের মধ্যে বিএম কলেজগুলোর বিষয়ে আদেশ জারি হবে। আর স্কুলগুলোর বিষয়ে আদেশ জারি হবে খুব শিগগিরই।